

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
বানিয়াচং, হবিগঞ্জ।


স্মারক নংঃ- ৫০৯

তারিখঃ ১৩/০৭/২০২১খ্রিঃ

বিষয়ঃ “ অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় আহরণ কমিটি ” স্থায়ী কমিটির জুলাই/ আগস্ট-২১খ্রিঃ মাসের সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৫ .০৭.২১খ্রিঃ বেলা ০৩.০০ ঘটিকায় বানিয়াচং উপজেলা পরিষদের “অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় আহরণ কমিটি ” স্থায়ী কমিটির জুলাই/ আগস্ট-২১খ্রিঃ মাসের সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ ফারুক আমীন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানিয়াচং, হবিগঞ্জ।

নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


(মোঃ মিনারুল হোসেন)
উপজেলা প্রকৌশলী

ও

সদস্য সচিব

“ অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় আহরণ কমিটি ”
বানিয়াচং, হবিগঞ্জ।

উপজেলা স্থায়ী কমিটি “অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় আহরণ কমিটি”এর জুলাই/ আগস্ট-২১খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ ফারুক আমীন, ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বানিয়াচং, হবিগঞ্জ।

তারিখ : ২০/০৭/২০২১খ্রিঃ

স্থান : সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, বানিয়াচং।


সভায় উপস্থিত সদস্যবৃন্দ

ক্রমিক নং	নাম	পদবী
১	জনাব মোঃ গিয়াস উদ্দিন, চেয়ারম্যান ০১ নং উ: পূ: বানিয়াচং ইউ.পি।	সদস্য
২	জনাব মোঃ মোতাহের হোসেন, চেয়ারম্যান ১৪ নং মুরাদপুর ইউ.পি।	সদস্য
৩	জনাব মোঃ ফজলুর রহমান খান, চেয়ারম্যান ১৫ নং পৈলার কান্দি ইউ.পি।	সদস্য
৪	জনাব মোঃ মিনারুল ইসলাম, উপজেলা প্রকৌশলী।	সদস্য সচিব

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য শুরু করেন। অতপরঃ অত্র কমিটির সকল সদস্যদের সাথে আলোচনাক্রমে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১। বানিয়াচং উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলে অর্থ স্থানান্তর সংক্রান্ত	সভাপতি সভায় জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ প্রতি বছর শেষে পরবর্তী অর্থ বছরের ০১ জুলাই উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলে জমা প্রদানের বিধান রয়েছে। উক্ত অর্থ বর্তমান অর্থ বছরে জমা প্রদান করা যেতে পারে। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ জমা প্রদান হয়েছে কিনা সেবিসয়ে সুপারিশ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, বানিয়াচং, হবিগঞ্জ।
০২। স্থাবর সম্পত্তি করের ১% অর্থের হিসাব সংক্রান্ত।	সভায় সভাপতি উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আয়, স্থাবর সম্পত্তি করের ১% অর্থ নিয়মিত জমা হচ্ছে কিনা সে বিষয়ে আলোচনা করেন। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	স্থাবর সম্পত্তি করের ১% অর্থ নিয়মিত রাজস্ব তহবিলে জমা হচ্ছে কিনা সে বিষয়ে সুপারিশ প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা, বানিয়াচং, হবিগঞ্জ।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ ফারুক আমীন)

সভাপতি

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় আহরণ কমিটি

ও

ভাইস চেয়ারম্যান


বানিয়াচং উপজেলা পরিষদ

তারিখ : ২০/০৭/২০২১খ্রিঃ




স্মারক নং- ৫২৫

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল :

- ১। উপজেলা চেয়ারম্যান, বানিয়াচং উপজেলা পরিষদ, বানিয়াচং, হবিগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বানিয়াচং, হবিগঞ্জ।
- ৩। অফিস নথি।


২১/৭/২১
উপজেলা প্রকৌশলী
বানিয়াচং, হবিগঞ্জ।

সভায় উপস্থিতির হাজিরা

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ গিয়াস উদ্দিন, চেয়ারম্যান ০১ নং উ: পূ: বানিয়াচং ইউ.পি	
২	জনাব মোঃ মোতাহের হোসেন, চেয়ারম্যান ১৪ নং মুরাদপুর ইউ.পি	
৩	জনাব মোঃ ফজলুর রহমান খান, চেয়ারম্যান ১৫ নং পৈলার কান্দি ইউ.পি	
৪	উপজেলা প্রকৌশলী, বানিয়াচং, হবিগঞ্জ।	